# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**05 MARCH 2026** **7:45—7:55**

---

১) রাজ্যসভার আসামের ৩টি আসনের জন্য এন ডি এ মিত্র জোটের ৩ জন প্রার্থীর মনোনয়নপত্র দাখিল ।

২) আসন্ন বিধানসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে রাজনৈতিক দলগুলির মধ্যে নির্বাচন কেন্দ্রিক তৎপরতা বৃদ্ধি । উত্তর করিমগঞ্জের বিধায়ক সহ ৩ জন কংগ্রেস বিধায়কের বি জে পিতে যোগদান ।

৩) রাজ্যের প্রশাসনিক বিভাগে ব্যাপক রদবদল ।

এবং

৪) শ্রীভূমি শহরের লক্ষীবাজার রোডে এক সড়ক দুর্ঘটনায় ৭ জন আহত ।

---

আসন্ন রাজ্যসভা নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলের আজ শেষ দিনে আসামের ৩টি আসনের জন্য এন ডি এ মিত্র জোটের ৩ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছেন । বি জে পির টেরস গোয়ালা , যোগেন মোহন এবং ইউ পি পি এল প্রধান প্রমোদ বড়ো কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল এবং পবিত্র মার্ঘেরিটার উপস্থিতিতে মনোনয়নপত্র দাখিল করেছেন । মনোনয়নপত্র দাখিল করা এই ৩ জন প্রার্থীরই বিনা প্রতিদ্বন্দিতায় জয়ী হওয়ার প্রবল সম্ভাবনা রয়েছে । উল্লেখ্য যে এ পর্যন্ত বিরোধী পক্ষের কোন সদস্যই মনোনয়নপত্র দাখিল করেন নি । আগামী ১৬ মার্চ আসামসহ অন্যান্য কয়েকটি রাজ্যের রাজ্যসভার শূন্য আসনগুলির জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে ।

---

নির্বাচন কমিশন যদিও এখন পর্যন্ত রাজ্যের বিধানসভা নির্বাচনের দিন ঘোষণা করে নি তবে প্রত্যেকটি রাজনৈতিক দলের মধ্যে নির্বাচনকেন্দ্রিক তৎপরতা বৃদ্ধি পেয়েছে । ক্ষমতাশীন বি জে পি আজ বি পি এফ এবং আসম গণ পরিষদ দলের সঙ্গে মিত্রতা চূড়ান্ত করেছে । আজ রাজ্য বি জে পি কার্যালয়ে একটি যোগদান কার্যসূচিতে অংশ গ্রহণ করার পর মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এ কথা ঘোষণা করেন । তিনি বলেন যে এই দুটি রাজনৈতিক দলের সঙ্গে কোন ধরণের বন্ধুত্বমূলক প্রতীদ্বন্দিতা না করার বিষয়টিও আজ চূড়ান্ত করা হয়েছে এবং জাতীয় নেতৃত্বের অনুমোদন লাভ করার পরই চূড়ান্ত মিত্রতার বিষয়টি ঘোষণা করা হবে । বকো , দুধনৈ এবং গোয়ালপারা পশ্চিম আসনের জন্য রাভা যৌথ সংগ্রামী মঞ্চের সঙ্গেও মিত্রতা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে তিনি জানান ।

বাইট-------------

এদিকে , কংগ্রেস দলের ৩ জন বিধায়ক আজ বি জে পিতে যোগদান করেছেন । অটল বিহারী বাজপায়ী ভবণে আয়োজিত অনুষ্ঠানে প্রদেশ বি জে পি সভাপতি দিলীপ শইকিয়ার সঙ্গে অন্যান্য প্রবীন নেতাদের উপস্থিতিতে উত্তর করিমগঞ্জের বিধায়ক কমলাক্ষ দে পুরকায়েস্থ , রহার বিধায়ক শশীকান্ত দাস এবং মঙ্গলদৈর বিধায়ক রমাকান্ত দাস এই দলে যোগ দিয়েছেন । অন্যদিকে , কংগ্রেস এবং রাইজর দল ইতিমধ্যেই একটি করে প্রার্থী তালিকা প্রকাশ করেছে । কংগ্রেস দল ৪২ জন প্রার্থীর নাম সন্নিবিষ্ট করে এবং রাইজর দল ১১ জন প্রার্থীর প্রথম তালিকা প্রকাশ করেছে ।

---------------------------------------------------------------------------------

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণনন মিজোরাম বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে যোগ দিতে আগামীকাল দু-দিনের সরকারী সফরসূচি নিয়ে মিজোরাম আসছেন । তিনি আগামী শনিবার বেলা ১১টায় মিজোরাম বিশ্ববিদ্যালয়ের ২০তম সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ দেবেন । উপরাষ্ট্রপতির এই সফরসূচির পরিপ্রেক্ষিতে মিজোরামের মুখ্য সচিব কে আর মিনা আজ বিভিন্ন বিভাগের উচ্চপদস্থ আধিকারিকদের নিয়ে এক বৈঠকে মিলিত হয়ে প্রস্তুতি পর্ব সহ নিরাপত্তা জনিত বিষয় নিয়ে পর্যালোচনা করেছেন । আগামী শনিবার মিজোরাম বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠান সমাপ্ত হওয়ার পরই উপরাষ্ট্রপতি দিল্লী অভিমুখে রওয়ানা হবেন বলে সরকারী সূত্রে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

নদী পর্যটন ক্ষেত্রের সবলীকরণ এবং বহনক্ষম বিকাশ নিশ্চিত করার লক্ষ্যে কেন্দ্রীয় বন্দর ,জাহাজ চলাচল এবং জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ গুয়াহাটীর লাচিতঘাটে ব্রহ্মপুত্র আলোক স্তম্ভের ভিত্তিপ্রস্থর স্থাপন করেন । বগীবিল , পান্ডু ,

বিশ্বনাথ ঘাট এবং শিলঘাটে মোট ৮৪ কোটি টাকা ব্যয় সাপেক্ষে এই আলোক স্তম্ভগুলো নির্মাণ করা হবে ।এই আলোক স্তম্ভগুলো ব্রহ্মপুত্র দিয়ে সুরক্ষিত এবং নিরবচ্ছিন্ন জাহাজ চলাচল , ২ নম্বর জাতীয় জলপথে যাত্রী ও মালবাহী জাহাজের চলচল বৃদ্ধি , প্রমোদতরী পর্যটন তথা স্থানীয় উদ্যমিতার প্রসার ও কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে । এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সনোয়াল বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দূরদর্শী নেতৃত্বে ব্রহ্মপুত্রকে পূর্ণাঙ্গ মালবাহী করিডোর হিসেবে গড়ে তোলার প্রয়াস করা হয়েছে । এর ফলে লজিষ্টিক ব্যয় হ্রাস পাওয়া, জাতীয়সড়কগুলোতে যাতায়াতের ভীড় হ্রাস পাওয়া সহ রাজ্যের শিল্প ক্ষেত্রের জন্য শক্তিশালী সরবরাহ শৃঙ্খলা গড়ে উঠবে বলে তিনি আশা প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের প্রশাসনিক বিভাগে ব্যাপক রদবদল করা হয়েছে । এই অনুসারে আসাম শিল্প পরিকাঠামো উন্নয়ন পরিষদের অতিরিক্ত সঞ্চালক নরেন্দ্র কুমার সাহকে মুখ্যমন্ত্রী সচিবালয়ের অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে । গৃহ বিভাগের আয়ুক্ত সচিব পার্থপ্রতীম মজুমদারকে বজালীর জেলা আয়ুক্ত হিসেবে বদলি করা হয়েছে । প্রীতি কুমারীকে কার্বি-আংলং-এর , অর্থ বিভাগের যুগ্ম সচিব আয়ুষী জৈনকে দরং-এর আয়ুক্ত সচিব হিসেবে বদলি করা হয়েছে । দরং-এর আয়ুক্ত পূবালী গোহাইকে গোলাঘাটের আয়ুক্তের দায়িত্ব প্রদান করা হয়েছে । একই ভাবে পশ্চিম কার্বি-আংলং-এর আয়ুক্ত সারংপানি শর্মাকে পরিবহণ বিভাগের সচিব হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে । বাক্সার আয়ুক্ত গৌতম দাসকে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের সচিব এবং চিরাং-এর আয়ুক্ত যতীন বরাকে সাধারণ প্রশাসন বিভাগের সচিবের দায়িত্ব অর্পন করা হয়েছে । লখিমপুরের আয়ুক্ত প্রণবজিৎ কাকতিকে দক্ষতা বিকাশ এবং উদ্যোগ বিভাগের অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়েছে । মিনাক্ষী দাস নাথকে আসাম রাজ্য দুর্যোগ মোকাবিলা কর্তৃপক্ষের অতিরিক্ত দায়িত্ব থেকে সরিয়ে নেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি শহরের লক্ষীবাজার রোডে একটি ব্যটারি চালিত অটো ও একটি মোটর বাইকের মুখোমুখি সংঘর্ষের ফলে মুহুর্তের মধ্যেই দুটি বাহনে আগুন লেগে যায় ।পরে স্থানীয় লোকেদের সহযোগিতায় আগুন নিয়ন্ত্রনে আনা হয় । এই দূর্ঘটনায় মোট সাতজন আহত হয়েছেন এবং আহতদের মধ্যে দুজনের অবস্থা গুরুতর বলে আমাদের শ্রীভূমির সংবাদদাতা জানিয়েছেন । আহতদেরকে করিমগঞ্জ সিভিল হাসপাতালে প্রেরণ

করা হয়েছে । গুরুতর আহত দুজনকে উন্নত চিকিৎসার জন্য শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে প্রেরণ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যপাল লক্ষন প্রসাদ আচার্য্য আজ ডিমা হাসাও জেলার হাফলং-এ দুটি বিদ্যালয় ভবনের উদ্বোধন করেন । রাজ্যপাল শ্রী আচার্য্য হাফলং-এর বিবেকানন্দ বিদ্যালয় এবং সরস্বতী বিদ্যামন্দির উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ভবনের উদ্বোধন করেন । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যপাল শ্রীআচার্য্য স্বামী বিবেকানন্দের আর্দশকে অনুসরন করে মূল্যবোধ ভিত্তিক শিক্ষার উপর গুরুত্ব আরোপ করেন ।

অনুষ্ঠানে রাজ্যের ক্রীড়া ও যুব কল্যান মন্ত্রী নন্দিতা গারলোসা , উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের মূখ্য কার্য্যবাহী সদস্য দেবলাল গারলোসা প্রমূখ উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

জাতীয় স্বাস্থ্য অভিযানের অধীনে কাছাড় জেলা স্বাস্থ্য সমিতির উদ্যোগে আজ শিলচরে আশা সম্মেলন অনুষ্ঠিত হয়েছে । সম্মেলনের শুরুতে সদ্য প্রয়াত কয়েকজন আশা কর্মীদের স্মরনে শ্রদ্ধা নিবেদন করা হয়েছে । তৃনমূল স্তরে স্বাস্থ্য সেবাকে শক্তিশালী করার উদ্দেশ্যে আয়োজিত আশা সম্মেলনে সমাজ সেবায় বিশেষ অবদানের স্বীকৃতি স্বরপ কয়েকজন আশা কর্মীকে সংবর্ধনা জানানো হয়েছে ।

আজকের সম্মেলনে বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই ও সাংসদ পরিমল শুক্লবৈদ্য মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের দূর্যোগ মোকাবিলা শাখার পক্ষ থেকে আসন্ন ঝড় বৃষ্টির সময় নিরাপত্তামূলক সর্তকতা অবলম্বনের জন্য জনসাধারনের প্রতি আবেদন জানানো হয়েছে । দূর্যোগ মোকাবিলা শাখার পক্ষ থেকে জনসাধারনকে ঘরের টিনের চালে কোন ধরনের ছিদ্র এবং মরিচা পরেছে কি না , তা পরীক্ষা করে মেরামত করার পরামর্শ দেওয়া হয়েছে । এছাড়া জানালা ও দরজার প্যানেলে ফুটো থাকলে এবং ঘরের পাশে মৃত বা ঝুকিপূর্ন গাছ থাকলে , তা সরিয়ে নিতে বলা হয়েছে । ঝড়ের সময় নিরাপদ কাঠামোর নীচ আশ্রয় নিতে , গাড়ি থামিয়ে নিরাপদ স্থানে পার্ক করতে এবং বিদ্যুতের তার ও গাছ থেকে দূরে থাকতে পরামর্শ দেওয়া হয়েছে । আকস্মিক যেকোন দূর্যোগের জন্য প্রশাসনের টোলফ্রি ফোন নম্বর ১০৭৭ - যোগাযোগ করতে আবেদন জানানো হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং ময়নাগড়ের স্বামী বিবেকানন্দ সেবা সমিতির ব্যবস্থাপনায় আগামী ৯ই মার্চ ময়নাগড় চা বাগানে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

-------------------------------------------------------------------------------------